# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৬৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬৫]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৮০: বৈধ কাজে শাসকবৃন্দের আনুগত্য করা ওয়াজিব এবং অবৈধ কাজে তাদের আনুগত্য করা হারাম

بَابُ وُجُوْبِ طَاعَةِ وُلاَةِ الْأُمُوْرِ فِيْ غَيْرِ مَعْصِيَةٍوَّتَحْرِيْمِ طَاعَتِهِمْ فِي الْمَعْصِيَةِ ـ (80)

আরবী

وَعَنهُ، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: مَنْ خَلَعَ يَداً مِنْ طَاعَةٍ لَقِيَ اللهَ يَوْمَ الْقِيَامَةِ وَلاَ حُجَّةَ لَهُ، وَمَنْ مَاتَ وَلَيْسَ في عُنُقِهِ بَيْعَةٌ، مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً . رواه مسلم
وَفِي رِوَايَةٍ لَهُ: وَمَنْ مَاتَ وَهُوَ مُفَارِقٌ لِلجَمَاعَةِ، فَإنَّهُ يَمُوتُ مِيتَةً جَاهِلِيَّةً

বাংলা

৩/৬৭০। ইবনে ’উমার রাদিয়াল্লাহু ’আনহুমা থেকে, তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, ’’যে ব্যক্তি (বৈধ কাজে শাসকের) আনুগত্য করা থেকে হাত গুটিয়ে নিল, সে কিয়ামতের দিন আল্লাহর সাথে এ অবস্থায় সাক্ষাৎ করবে যে, তার জন্য কোন প্রমাণ থাকবে না। আর যে ব্যক্তি (রাষ্ট্রনেতার হাতে) বায়’আত না করে মৃত্যুবরণ করল, সে জাহেলিয়াতের মরা মরল।’’

এর অন্য একটি বর্ণনায় রয়েছে, ’’যে (রাষ্ট্রীয়) জামাআত ত্যাগ করে মারা গেল, সে জাহেলিয়াতের মৃত্যুবরণ করল।’’ (মুসলিম) [1]

## English

(80) Chapter: Obligation of Obedience to the Ruler in what is Lawful and Prohibition of Obeying them in what is Unlawful

Ibn 'Umar (May Allah be pleased with them) reported:
Messenger of Allah (ﷺ) said, "One who withdraws his hand from obedience (to the Amir) will find no argument (in his defense) when he stands before Allah on the Day of Resurrection; and one who dies without having sworn allegiance will die the death of one belonging to the Days of Ignorance."

[Muslim].

Another narration is: The Messenger of Allah (ﷺ) said, "He who dies having defected from obedience (to the Amir) and discards his association with the main body of the (Muslim) community, dies the death of one belonging to the Days of Jahiliyyah."

### ফুটনোট

[1] মুসলিম ১৮৫১, আহমাদ ৫৩৬৩, ৫৫২৬, ৫৬৪৩, ৫৬৮৫, ৫৮৬৩, ৬০১২, ৬১৩১, ৬৩৮৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23635

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন